গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০৩.১৭.১০০৩


তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **বিভাগীয়/জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন প্রসঙ্গে।**

সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালযের স্মারক নং- ২৫.০০.০০০০.০১৩.৯৯.১০.২২-৬১৯, তারিখ: ২৬/০৯/২০২২

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বিশ্ব বসতি দিবস-২০২২” উদযাপন উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের জন্য সচিব মহোদয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে ডিও পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে দিবসটি পালনের অনুরোধ জানিয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুষ্ঠানের সাথে সমন্বয় করে বিভাগীয়/জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপনের নিমিত্ত সুত্রস্থ পত্রের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ পত্রের কপি। (5384/potrojariAttachmentRef/14564/0/3383)



২৯-৯-২০২২
মোঃ সাইফুর রহমান
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিতরণ :
১) সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
২) সিনিয়র প্ল্যানার , খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা
৩) সিনিয়র প্ল্যানার , বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল
৪) সিনিয়র প্ল্যানার , কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার
৫) সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী


স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.২৩.০০৩.১৭.১০০৩/১(৪)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর

৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২৯-৯-২০২২

মোক্তার আলম

প্রশাসনিক কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mohpw.gov.bd

বিষয় : বিশ্ব বসতি দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী ওয়াছি উদ্দিন, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৫ সেপ্টেম্বর ২০২২ |
| সভার সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২.০ ১৯৮৬ সাল থেকে বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি দেশে অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ববসতি দিবস পালিত হয়ে আসছে। মানব বসতির যুগোপযোগী উন্নয়নে সমগ্র বিশ্বব্যাপী গণসচেতনতা সৃষ্টির প্রয়াসে কালের পরিক্রমায় প্রতি বছরের ন্যায় এ বছরও অক্টোবর মাসের প্রথম সোমবার অর্থাৎ আগামী ০৩ অক্টোবর ২০২২ তারিখে বিশ্ব বসতি দিবস ২০২২ উদ্‌যাপিত হতে যাচ্ছে। এ বছর বিশ্ব বসতি দিবসের মূল প্রতিপাদ্য বিষয় "Mind The Gap. Leave No one and place Behind." বাংলাদেশসহ উন্নয়নশীল বিশ্বের আর্থ সামাজিক প্রেক্ষাপটে এবং মানব সভ্যতার ভবিষ্যৎ ক্রমবিকাশের ক্ষেত্রে এ দিবসটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বিশ্ব বসতি দিবস ২০২২ এর প্রতিপাদ্য বিষয় "Mind The Gap. Leave No one and place Behind" এর নিম্নরূপ ভাবানুবাদ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণ করা হয়েছে: " বৈষম্য হ্রাসের অঙ্গীকার করি/সবার জন্য টেকসই নগর গড়ি"

৩.০ সভাপতির অনুমতিক্রমে উপসচিব প্রশাসন-১ অধিশাখা সভার কার্যপত্র উপস্থাপন করেন। উপ-কমিটিসমূহের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য পর্যায়ক্রমে সকল উপ-কমিটির আহবায়কগণের নিকট তাদের কাজের অগ্রগতি জানতে চান।

৪.০ উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শাকিলা জেরিন আহমেদ জানান যে, গত ২৩/০৮/২০২২ তারিখ উদ্বোধনী অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটির সভা অনুষ্ঠিত হয়। ৩ অক্টোবর ৯.৩০ ঘটিকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব বসতি দিবসের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি থাকবেন এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং সভাপতিত্ব করবেন সচিব মহোদয়। উদ্বোধনী অনুষ্ঠানের জন্য ৫০০ আমন্ত্রণপত্র প্রস্তুত করা হয়েছে। মূল প্রতিপাদ্য বিষয়ের উপর ভিত্তি করে চেয়ারম্যান, রাজউক; প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর; চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ; প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর এবং মহাপরিচালক, এইচ বি আর আই বক্তব্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকাস্থ দপ্তর/সংস্থা হতে উদ্বোধনী অনুষ্ঠানে ওসমানী স্মৃতি মিলনায়তনে ৫০০ কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার জন্য ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা প্রধানকে অনুরোধ জানানো হয়।

৫.০ বাণী সংগ্রহ ও ক্রোড়পত্র প্রকাশনা সংক্রান্ত উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল বলেন উক্ত কমিটি ইতোমধ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সর্ম্পকিত স্থায়ী কমিটির সভাপতি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব মহোদয়ের বাণী প্রস্তুত করেছে। সবার স্বাক্ষর গ্রহণ করা হয়েছে।

৬.০ সেমিনার বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক জানান যে, সেমিনারে উপস্থাপনের জন্য একটি পেপার পাওয়া গেছে। বুয়েট এর আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং এর সহকারী অধ্যাপক একটি পেপার সাবমিট করেছেন। সেমিনার পেপারটি যেন সহজ সাবলীল ভাষায় উপস্থাপিত হয় তা নিশ্চিত করার জন্য সভাপতি নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালককে অনুরোধ জানান।

৭.০ স্মরণিকা প্রকাশ উপ-কমিটির সদস্য সচিব জনাব নায়লা আহমেদ জানান যে, এ বছর ৫০০ স্মরণিকা প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে স্মরণিকার মোড়ক উন্মোচন করা হবে।

৮.০ প্রচার বাস্তবায়ন উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব, জনাব শাকিলা জেরিন আহমেদ জানান যে, পর্যাপ্ত ব্যানার, ফেস্টুন, পোস্টার, ব্যাকড্রপ ব্যানার প্রস্তুত করা হয়েছে। বিটিভিতে বিশেষ প্রামান্য অনুষ্ঠান সম্প্রচার করা হবে। বাংলাদেশ বেতারে বিশেষ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়া বেসরকারী বিভিন্ন চ্যানেলে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণ আলোচনা সভায় অংশ নিতে পারেন। উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বেই সচিবালয়ের মূল গেট এবং ওসমানী উদ্যানের গেট সু-সজ্জিত করা হবে মর্মে জানান।

৯.০ বিভাগীয় পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপন সংক্রান্ত উপকমিটির আহবায়ক যুগ্মসচিব জনাব মোঃ মোতাহার হোসেন জানান যে, উক্ত কমিটির একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। বিভাগ ও জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের জন্য সচিব মহোদয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে ডিও পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে দিবসটি পালনের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

১০.০ বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

(১) উদ্বোধনী অনুষ্ঠান ৩ অক্টোবর সকাল ৯:৩০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

(২) মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা হতে ৫০০ কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য পত্র প্রেরণ করতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানের গণপূর্ত অধিদপ্তরের ২৫০ জন, সরকারি আবাসন পরিদপ্তরের ৬০ জন, রাজউকের ১০০ জন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ৫০ জন, নগর উন্নয়ন অধিদপ্তরের ৩০ জন, অভ্যন্তরীণ রিনীক্ষা পরিদপ্তরের ২০ জন, এইচ বি আর আই এর ২০ জন, ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট এ ১০ জন, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট-১০ জন, কোয়ালিশন ফর আরবান পুওর এর ২০ জন, বাংলাদেশ প্ল্যানাস ইন্সটিটিউট এর ১০ জন, এবং আর্কিটেক্ট ইন্সটিটিউট অব বাংলাদেশ এর ১০ জন, রিহ্যাব এর ১০ জন এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা কর্মচারীগণ আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

(৩) উদ্বোধনী অনুষ্ঠানে রাজউকের চেয়ারম্যান; জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান; গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী; স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতি এবং হাউজিং এন্ড বিল্ডিং এন্ড রিসার্চ ইন্সিটিউটের মহাপরিচালক বক্তব্য প্রদান করবেন।

(৪) উদ্বোধনী অনুষ্ঠানের জন্য গণপূর্ত অধিদপ্তর ডিজিটাল ব্যানার প্রস্তুত করবে।

(৫) প্রধান বৃক্ষপালনবিদ উদ্বোধনী মঞ্চ বিভিন্ন ফুল দিয়ে সজ্জিত করে দিবেন।

(৬) ঢাকার বাইরের সংস্থা প্রধানগণ তাদের নিজ নিজ দপ্তরে উপস্থিত থেকে বিশ্ববসতি দিবসের অনুষ্ঠানসমূহ যথাযথ ভাবে সম্পন্নের বিষয়টি নিশ্চিত করবেন। এক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ সার্বিক সহায়তা প্রদান করবেন।

(৭) সেমিনারে উপস্থাপিত পেপার যাতে সহজ ও সাবলীল হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

(৮) নির্ধারিত সময়ের মধ্যে স্মরনিকা প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। স্মরণিকার লেখাগুলো যাতে মানসম্মত হয় সেদিকে খেয়াল রাখতে হবে। এ বছর ১০০০ কপি স্মরনিকা প্রকাশ করা হবে। এ সংক্রান্ত ব্যয়ভার বিগত বছরের ন্যায় ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট অব বাংলাদেশ, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট, বাংলাদেশ প্ল্যানাস ইন্সটিটিউট, আর্কিটেক্ট ইন্সটিটিউট অব বাংলাদেশ কর্তৃক বহন করা হবে।

(৯) সচিবালয়ের ৫ নম্বর ভবন এবং ৩ নম্বর ভবনের সংযোগ ব্রিজ, বনানীর ফুট ওভার ব্রিজ এবং মৎস্যভবনের সামনের ফুট ওভার ব্রিজে ব্রিজ ব্যানার টানানো হবে।

(১০) উদ্বোধনী অনুষ্ঠানের ব্যানারের সফট কপি সকল বিভাগ/জেলায় প্রেরণ করে একই ব্যানারে বিশ্ব বসতি দিবসের অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ঢাকা গণপূর্ত জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোঃ মোসলেহ উদ্দিন আহমেদ বিষয়টি নিশ্চিত করবেন।

(১১) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ৩টি ট্রাক সজ্জিত করে ঢাকা শহরের বিভিন্ন স্থানে প্রদক্ষিণ করা হবে। মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ মোতাহার হোসেন, উপসচিব নায়লা আহমেদ, গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়) বিষয়টি তদারকি করবেন।

(১২) মন্ত্রণালয়ের অনুষ্ঠানের সাথে সমন্বয় করে বিভাগীয় /জেলা পর্যায়ে বিশ্ব বসতি দিবস উদযাপনের উদ্যোগ নিতে হবে।

(১৩) প্রেস রিলিজসহ বিশ্ববসতি দিবস-২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠান ও সেমিনার বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় যথাযথ প্রচারের বিষয়ে মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(১৪) সচিবালয়ে ২নং গেট এবং সচিবালয়ের ওয়াল এবং ওসামানী উদ্যানের গেট সু-সজ্জিত করার বিষয়ে প্রচার উপকমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১১.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০৯/২০২২
কাজী ওয়াছি উদ্দিন
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

E/world habitat karjobibironi-22-141

স্মারক নং-২৫.০০.০০০০.০১৩.৯৯.১০.২২- ৬১৭ তারিখ: ১১ আশ্বিন ১৪২৯ / ২৬ সেপ্টেম্বর ২০২২

বিতরণ: (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন-১)/ (প্রশাসন-২)/(উন্নয়ন-১)/ (বিজ্ঞ আইন উপদেষ্টা)/ (অডিট)/ (মনিটরিং),গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ।
৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধির অংশগ্রহণের অনুরোধসহ)।
৭. বিভাগীয় প্রধান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. বিভাগীয় প্রধান, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (প্রশাসন)/(উন্নয়ন-২)/ (উন্নয়ন-৯), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলায়, ঢাকা।
১২. মহাপরিচালক, এইচ,বি,আর,আই, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
১৩. উপসচিব, পরিকল্পনা ও বাস্তবায়ন কোষ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৪. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর সেগুনবাগিচা, ঢাকা।
১৫. উপসচিব (প্রশাসন-১/২/৩/৫/৭/৮/১১/১৪/১৫/১৭/বাজেট/ আইন কর্মকর্তা-১/২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সভাপতি, ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ, সদর দপ্তর, রমনা, ঢাকা।
১৭. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি), প্ল্যানার্স টাওয়ার (লেভেল-৭), ১৩/এ, বীর সি.আর.দত্ত (সোনারগাঁও) রোড, বাংলা মোটর, ঢাকা।
১৮. সভাপতি/সম্পাদক,বাংলাদেশ ইনস্টিটিউট অব আর্কিটেক্টস্, প্লট নং-১১, ব্লক-ই, রোড নং-৭, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১৯. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, ১৬০/এ, কাকরাইল, ঢাকা।
২০. সভাপতি/ সম্পাদক, নগর গবেষণা কেন্দ্র, বাড়ী নং-৪/২, ব্লক--বি, লালমাটিয়া, ঢাকা।
২১. সভাপতি, রিহ্যাব, ১ ফ্রি স্ট্রীট স্কুল, সোনারগাঁও রোড, ঢাকা।
২২. নির্বাহী পরিচালক, কোয়ালিশন ফর দি আরবান পুওর (কাপ), ১০সি/১ মাদ্রাসা রোড, আজিজ মহল, মোহাম্মদপুর, ঢাকা।
২৩. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-৬/১২/১৬, পরিকল্পনা শাখা-১/২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. জনসংযোগ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৬. জনাব/বেগম.............................................

26/09/2022

(মো: আবুল কালাম আজাদ)
উপসচিব
ফোন : ০২-৫৫১০০৭৩৩